

নং এসইসি/সিএমআরআরসি/২০০১-৪৩/৪৮

জুলাই ০৮, ২০১০ইং

আদেশ

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৬ মোতাবেক তফসিলে উল্লিখিত মার্জিন ঋণ প্রদান সংক্রান্ত নির্দেশনা নং ৬ (১) এ প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা মার্জিন ঋণ এর সর্বোচ্চ হার ১ : ১ (এক অনুপাত এক) পুনঃ নির্ধারণ করিল যাহার ভিত্তিতে মার্চেন্ট ব্যাংকার (পোর্টফোলিও ম্যানেজার) উহার মক্কেল তথা গ্রাহককে জুলাই ১১, ২০১০ইং হইতে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত, বিতরণযোগ্য মার্জিন ঋণ প্রদান করিতে পারিবে। উল্লেখ্য, এতদউদ্দেশ্যে প্রযোজ্য পোর্টফোলিও/সিকিউরিটির বাজারমূল্য নির্ধারণের ক্ষেত্রে নির্দেশনা নং ৭ অনুসরণ নিশ্চিত করিতে হইবে।

এতদসংক্রান্ত পূর্বে জারিকৃত আদেশ নং এসইসি/সিএমআরআরসি/২০০১-৪৩/৩০ তারিখ মার্চ ১৫, ২০১০ইং এতদ্বারা প্রতিস্থাপিত বলিয়া গন্য হইবে।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

মোঃ জিয়াউল হক খোন্দকার

চেয়ারম্যান।